

# বর্ণচোরা অন্ধকার

নাসরীন সুলতানা মিতু



কি হল প্লুটো?  
মনটন খারাপ?

আর বোলোনা রিফি!  
দীপুটা এত জ্বালায়!

আবার কী  
করল ও?



ও নাকি বায়োলজি ক্লাসে  
মার্শফ্রোস্কোপের বদলে আমাকে  
চোখে দিয়ে এক্সপেরিমেন্ট করবে!!

এসব বলেটলে  
যাবার সময়  
আমার নতুন লাল  
কলমটাও কেড়ে  
নিয়ে গেছে!

ও আমলেই বড্ড বেড়েছে!  
দাঁড়াও শায়েস্তা করছি!  
ওই যে, আসছে!

হেই রিফি! কীরে  
প্লুটো, রিফির কাছে  
গিয়ে ফ্যাঁচফ্যাঁচ  
করছি আবার?



না প্লুটো বলছিল,  
শাকসজ্জি খাস না  
বলে তোর নাকি  
রাতকানা??

কীহ??  
ফাজলামো হচ্ছে?  
আমার রাতকানা??

কীভাবে?

তাহলে ভুল বলেছে  
প্রমাণ কর!

ভেমন কিছু না। ঘরে ঢুকে  
টেবিল থেকে প্লুটোর লাল  
কলমটা নিয়ে আয়!





হেহ! এ আর এমন কী?  
রিফ্রিটা যে কী বোকা...



চাঁদের আলোতে  
সবই স্পষ্ট  
দেখা যাচ্ছে।



এ কী???



এখানে কোনটা লাল কিভাবে বুঝবে?  
সব তো একই রকম দেখাচ্ছে!!!



কী যে করি!  
থাক-  
এটাই নিয়ে যাই!



খুটে!



হাহাহাহাহা!!!



ধূর! এটা তো  
সবুজ কলম!

কিন্তু বিশ্বাস কর,  
আম্মার রাতকানা  
নেই...

খুব তো  
বাহাদুরি  
করছিলি?  
এখন হল?





হেহেহে, এরকম কম আলোয়  
কেউই রঙ দেখতে পায়না!

মানে? ঘুটঘুটে অন্ধকার  
না হলে তো সবই দেখা  
যায়, রঙ দেখা যাবেনা কেন?



মেটা বুঝতে হলে আম্মরা  
কম আলোয় বা প্রায়  
অন্ধকারে কিভাবে দেখি  
মেটা আগে বুঝতে হবে।





রড কোণ

আমাদের চোখের রেটিনায় দুই ধরনের আলোকসংবেদী কোষ থাকে...

আকৃতির জন্য এই দুই ধরনের কোষের নাম দেয়া হয়েছে রড এবং কোণ কোষ।

\* মানুষের চোখে প্রায় 90 লক্ষ কোণ কোষ থাকে। আর রড কোষ কতগুলো থাকে জানো? প্রায় ১২ কোটি!!!!

কোণ কোষ আবার হয় তিন ধরনের। তিন ধরনের কোণ কোষ আলাদা আলাদাভাবে লাল, নীল আর সবুজ রঙের সংকেত পাঠায়। আমরা যা যা রঙ দেখি, সবই এই তিন ধরনের কোণ কোষের কারিকুরি।

রড কোষ আবার কোণ কোষের চেয়েও বেশি সংবেদনশীল। কোণ কোষ খুব উজ্জ্বল আলো না হলে ঝিম্মিয়ে থাকে। কিন্তু রড কোষ চাপসা থাকে অন্ধ আলোতেও।



নিশ্চয়ই ভাবছ, তাহলে তো শুধু রড কোষ থাকলেই চলত, দুই রকম কোষ কী কাজে আসে? মজার বিষয় হল, রড কোষ অন্ধ আলোতে কাজ করলেও কোণ কোষের মত রঙ বোঝার ক্ষমতা তার নেই।

ফলে অন্ধ আলোতে আমরা যখন কিছু দেখি, তার রঙ বুঝতে পারিনা। বেশি আলোতে যখন কোণ কোষ কাজ করতে শুরু করে তখনই শুধু আশপাশের সবকিছুর রঙ আমরা দেখতে পাই।

তারমানে... মানে... তোমরা বোকা বানাচ্ছিলে আমাকে এতক্ষণ????



হ্যাঁ!! এখন ভালয় ভালয় আমার কলম ফেরত দাও!



হাহাহাহাহা!!!

